সমকাল

তারিখ ... 5 AUG 2017 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

# আড়াইহাজারে বাল্যবিয়ে থেকে রক্ষা পেল স্কুলছাত্রী

■ আড়াইহাজার (নারায়ণগঞ্জ) প্রতিনিধি

আড়াইহাজারে শুক্রবার অষ্টম শ্রেণির এক ছাত্রীর বিয়ের অনুষ্ঠান চলছিল। ইউএনওর হস্তক্ষেপে এ বিয়ে বন্ধ হয়। এতে ওই স্কুলছাত্রী বাল্যবিয়ে থেকে রক্ষা পায়। ১৫ দিন আগে উপজেলার সাতগ্রাম ইউনিয়নের চারিগাঁও এলাকার ইব্রাহীমের মেয়ে এবং পুরিন্দা কেএম সাদেকুর রহমান উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্রী ফারজানা আক্তারের সঙ্গে পার্শ্ববর্তী জেলার পলাশ উপজেলার আখালিয়া গ্রামের জাকারিয়ার বিয়ে ঠিক হয়। এরপর অভিভাবকরা ২৫ জুলাই থেকে মেয়েটির স্কুলে যাওয়া বন্ধ করে দেন। বিষয়টি জানতে পেরে স্কুলের প্রধান শিক্ষক বাল্যবিয়ে বন্ধে তার পরিবারকে অনুরোধ করলেও কাজ না হওয়ায় প্রশাসনের হস্তক্ষেপ চান।